# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

মোবাইল ঃ
অফিস ঃ ০২-২২২২৩০০৪০-৪২

**অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)'র দপ্তর**
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন, গ্রীন রোড, ঢাকা।
E-mail: adgpl.bwdb@gmail.com

Phone : 02-222230040-42
Office :02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০৭.২১-৯৫ তারিখঃ ১৬-০৮-২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

"বগুড়া জেলায় যমুনা নদীর তীর সংরক্ষণ ও পুনর্বাসন" শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি পুনঃগঠনের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরির জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | জনাব মোঃ রমজান আলী প্রামানিক, অতি. প্রধান প্রকৌশলী, নদী ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৭, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোঃ সানাউল কাদের খান, নির্বাহী প্রকৌশলী, অতি. মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, ঠাকুরগাঁও। | সদস্য |
| ৫। | জনাব মোঃ জাহাংগীর আলম, উপ-প্রধান (পরিবেশ ও বন), পিএমইউ-আইএমআইপি, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা(অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৭। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৯। | নির্বাহী প্রকৌশলী, বগুড়া পওর বিভাগ, বাপাউবো, বগুড়া। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রকল্পভুক্ত বিভিন্ন অংগের ভৌত কাজের দফাসমূহের প্রয়োজনীয় হ্রাস/ বৃদ্ধি, পরিমাণ ও ব্যয় যৌক্তিকভাবে নির্ধারণসহ বিদ্যমান অবকাঠামোর পুনর্বাসনসহ অন্যান্য কাজের বা জল অবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

গ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় হ্রাস-বৃদ্ধির কারন যাচাই করে করনীয়সমূহ সুপারিশ করবেন;

ঘ) বাপাউবো'র চলতি রেট সিডিউল, সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে হালনাগাদ বিস্তারিত তথ্য-উপাত্তের ভিত্তিতে পরিবর্তিত পরিস্থিতিতে প্রণীত ও অনুমোদিত নকশার ভিত্তিতে বিভিন্ন অংগসমূহের পরিমাণের হ্রাস-বৃদ্ধির যথাযথতা নিরূপণপূর্বক সংশোধিত প্রাক্কলন প্রস্তুত/যাচাই করবেন এবং উক্ত প্রাক্কলন ও নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ঙ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য দৃষ্টি নন্দন ওয়াকওয়ে, সিড়ি/ঘাট, ওয়াশরুম ও বেঞ্চ নির্মাণ, তীর বরাবর পার্ক নির্মাণ ও গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

চ) প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;

ছ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy** (Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৬।০৮।২১

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

*চলমান পৃষ্ঠা-২*

<u>বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ</u>

১। জনাব মোঃ রমজান আলী প্রামানিক, অতি. প্রধান প্রকৌশলী, নদী ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোঃ সানাউল কাদের খান, নির্বাহী প্রকৌশলী, অতি. মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
৪। উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবো, ঠাকুরগাঁও।
৫। জনাব মোঃ জাহাংগীর আলম, উপ-প্রধান (পরিবেশ ও বন), পিএমইউ-আইএমআইপি, বাপাউবো, ঢাকা।
৬। জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী, বগুড়া পওর বিভাগ, বাপাউবো, বগুড়া।

<u>অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ</u>

১। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
২। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৩। প্রধান প্রকৌশলী (পূর) পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
৪-৫। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল/নকশা, বাপাউবো, রাজশাহী/ঢাকা।
৬। প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
৭। যুগ্ম প্রধান, যুগ্ম-প্রধান পরিকল্পনা দপ্তর, বাপাউবো, ঢাকা।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া পওর সার্কেল, বাপাউবো, বগুড়া।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। **বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।**
১০। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১১-১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ২৪৭ ◆ তারিখঃ ১৯/৮/২২
প্রোগ্রামার ১/২ ◆ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ ◆ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী ◆ নথিতে পেশ করুন
অফিস সহকারী ◆ নথিতে রাখুন
১৯/০৮/২০২২ ◆ তাগিদ পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা